4.11-4.13

# জি.এম. সাদরিল

কাউন্সিলর
ওয়ার্ড নং-০৫ (পাঁচ)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

সূত্রঃ- তারিখঃ ২০/০২/২০২৩খ্রি.।

## সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রনীত সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা-২০২২ মোতাবেক গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর সভা আগামী ২৭/০২/২০২৩খ্রি. তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় সম্মানীত ০৫ নং ওয়ার্ড কাউন্সিলর মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাযসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

জি. এম সাদরিল
কাউন্সিলর-৫নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

(গোলাম মুহাম্মদ সাদরিল)
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৫
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ।

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড

নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ০৫ নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার কার্য বিবরনী

সভাপতি ঃ গোলাম মোহাম্মদ সাদরিল
কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৫
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

ওয়ার্ড নং ঃ ০৫
সভার তারিখ ঃ ০৬/০৬/২০২৩ খ্রি.
সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়
সভার সভার স্থান ঃ ০৫ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়।

**সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত ঃ**

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ৫নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব গোলাম মোহাম্মদ সাদরিল কমিটির সদস্য সচিব জনাব মোঃ নাজমুল হোসাইনকে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

আলোচ্যসূচী- ১: গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | কার্যবিবরনী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব মোঃ নাজমুল হোসাইন পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। |

আলোচ্যসূচী-২: প্রধান প্রধান সড়কে বৈদ্যুতিক বাতি স্থাপন প্রসঙ্গে।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| প্রধান প্রধান সড়কে বৈদ্যুতিক বাতি স্থাপন প্রসঙ্গে। | WLCC সদস্য জনাব মোঃ কাসেম সভাকে বলেন যে, ৫নং ওয়ার্ড এলাকার প্রধান প্রধান সড়কগুলোর বৈদ্যুতিক বাতির ব্যবস্থা ভালো না। তাছাড়া যা কয়েকটাও ল্যাম্পপোষ্ট আছে সেগুলিতে বাতির স্বল্পতা। এজন্য এলাকায় চুরি ছিনতাই বেড়ে গেছে। তাই তিনি এলাকার প্রধান প্রধান সড়কে আরও বৈদ্যুতিক বাতি স্থাপন ও পূনঃস্থাপনের জন্য অনুরোধ করেন। | প্রধান প্রধান সড়কে বৈদ্যুতিক বাতি স্থাপনের প্রস্তাব সভায় গৃহীত হয়। | বিদ্যুৎ শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৩: বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|
| বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা। | WLCCসদস্য জনাব মাসুদা বেগম সভায় বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে হতাশা প্রকাশ করেন। তিনি জানান তাদের ৫নং ওয়ার্ডে পরিচ্ছন্ন কর্মী কম থাকার ফলে বর্জ্য ব্যবস্থাপনা ঠিকমতো বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। পরিচ্ছন্নকর্মীর অভাবে বর্জ্য ঠিকমতো এবং এই কার্যক্রমকে আরও গতিশীল কারার অনুরোধ জানান। এ বিষয়ে WLCCসদস্য সচিব জনাব মোঃ নাজমুল হোসাইনসভাকে জানান যে, বর্তমানে বর্জ্য ব্যস্থাপনা অল্প পরিসরে বাস্তবায়ন করা হচ্ছে। কিন্তু জালকুড়িতে সিটি কর্পোরেশন হতে ২৪ একরের একটি জায়গা নেওয়া হচ্ছে তা অধিকায়ন হলেই এই সমস্যার সমাধান হবে বলে তিনি সভাকে অবহিত করেন। | ০৫ নং ওয়ার্ডে পরিচ্ছন্ন কর্মী বৃদ্ধি করার সুপারিশ সভায় গৃহীত হয়। | পরিচ্ছন্ন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৪: কর আদায়ের অগ্রগতি পর্যালোচনা।

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত/ সুপারিশ (বাস্তবায়নের সময়সূচী) | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|
| কর আদায়ের অগ্রগতি পর্যালোচনা। | WLCC'র সদস্য সচিব মোঃ নাজমুল হোসাইন সভাকে অবহিত করেন যে, আমাদের এই ওয়ার্ডে মোট ২৭.৪১% পৌরকর আদায় হয়েছে। সিটি গর্ভানেন্স প্রকল্পের অন্যতম শর্ত হলো নূন্যতম ৮০% পৌরকর আদায় করা। এ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে প্রকল্প সহায়তা কমে যাবে, যার ফলে সিটি কর্পোরেশন সহ সকল নাগরিক ক্ষতিগ্রস্থ হবে। তিনি উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের অনুরোধ জানান। | (ক) পৌরকর আদায়ের জন্য ওয়ার্ড ভিত্তিক ক্যাম্পিং করার সুপারিশ গৃহীত হয়।<br>(খ) উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজস্ব বিভাগ ও WLCC-এনসিসি |

আলোচ্যসূচী-৫: নাগরিক চাহিদা।

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|
| নাগরিক চাহিদা। | ৫ নং ওয়ার্ডে বাউন্ডারি ওয়াল সহ শ্মশান উন্নয়ন। | উক্ত বিষয় টি সবার সম্মতি ক্রমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশলী বিভাগ, এনসিসি |

আলোচ্যসূচী-৬: বিবিধ।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| বিবিধ। | জনাব মোঃ আবুল কালাম বলেন যে, ৫নং ওয়ার্ডে দিন দিন মশার উপদ্রব বেড়েই চলছে। তিনি এই ওয়ার্ডে নিয়মিত মশার ঔষধ প্রদানের জন্য অনুরোধ জানান। | ৫ নং ওয়ার্ডে নিয়মিত মাশার ঔষধ প্রদানের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | পরিচ্ছন্ন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(গোলাম মোহাম্মদ সাদরিল)
চেয়ারপার্সন, ৫নং WLCC
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
মোবাইল ঃ ০১৯৫৯২০২৯৮৮

৫ নং ওয়ার্ডের ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর মিটিং এ উপস্থিত সদস্যদের তালিকাঃ

| ক্রঃনং | নাম | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | গোলাম মুহাম্মদ সাদরিল | চেয়ারপার্সন | | [illegible] |
| ০২ | মোসাঃ মনোয়ারা বেগম | কো-চেয়ারপার্সন | | |
| ০৩ | মোঃ সালাউদ্দিন | সদস্য | | |
| ০৪ | মোঃ কাসেম | সদস্য | | [illegible] |
| ০৫ | মোঃ আবুল কাশেম | সদস্য | | |
| ০৬ | মোঃ আলী আকবর খান | সদস্য | | আকবর |
| ০৭ | মোঃ আবুল কালাম | সদস্য | | কালাম |
| ০৮ | মোঃ শাহজালাল কালু | সদস্য | | শাহজালাল |
| ০৯ | মোঃ সালাউদ্দিন আহম্মেদ | সদস্য | | |
| ১০ | মোঃ দেলোয়ার হোসেন | সদস্য | | Delor |
| ১১ | মোসাঃ আছমা আক্তার | সদস্য | | |
| ১২ | মোসাঃ মাসুদা আক্তার | সদস্য | | |
| ১৩ | মোঃ নুর হোসেন মুন্না | সদস্য | | [illegible] |
| ১৪ | মোসাঃ মাসুদা বেগম (মাসু) | সদস্য | | |
| ১৫ | মোসাঃ হোসনে আরা | সদস্য | | [illegible] |
| ১৬ | বীর মুক্তিযোদ্ধা আব্দুল হক মেম্বার | সদস্য | | |
| ১৭ | মোঃ বাবু | সদস্য | | বাবু |
| ১৮ | মোঃ নাজমুল হোসাইন | সদস্য সচিব | | [illegible] |